



নথি নং-৩০.৩১.০৬০০.৬২১.০৭.০১০.২২-

তারিখঃ ০৮/০১/২০২৩খ্রিঃ

স্পট নিলাম বিজ্ঞপ্তি

সিএএবি, সদর দপ্তরের স্মারক নং-৩০.৩১.০০০০.২৩১.৩০.০০২.১৭.৪; তারিখঃ ০৮/০১/২০২৩খ্রিঃ অনুযায়ী বরিশাল বিমানবন্দরের পরিত্যক্ত পুরাতন ভবনসমূহ (পুরাতন ফায়ার স্টেশন, পুরাতন পাওয়ার হাউজ, স্টাফ ডরমেটরী ও টার্মিনাল ভবন সংলগ্ন পাবলিক টয়লেট ও ক্যান্টিন) অপসারণের নিমিত্তে স্পট নিলাম ডাকে মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী সকল ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা/ব্যবসায়ীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ২৪/০১/২০২৩খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা: ১২.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের হিসাব শাখার নির্ধারিত আবেদন পত্রের মাধ্যমে উক্ত স্পট নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী উল্লেখপূর্বক জাতীয় পরিচয়পত্র (প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্রধানের) জমা করে নিলাম রেজিস্টারে নাম অন্তর্ভুক্ত করে ২৫,৫৬৫/- (পঁচিশ হাজার পাঁচশত পয়ষাট) টাকা পে-অর্ডারের মাধ্যমে অগ্রিম জামানত হিসাবে (ব্যবস্থাপক, বরিশাল বিমানবন্দর এর অনুকূলে) জমা করে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্ত সমূহ

- ০১। স্পট নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ ২৩/০১/২০২৩খ্রিঃ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের সম্পত্তি শাখার সহিত যোগাযোগ করে উল্লেখিত বরিশাল বিমানবন্দরের পরিত্যক্ত পুরাতন ভবনসমূহ (পুরাতন ফায়ার স্টেশন, পুরাতন পাওয়ার হাউজ, স্টাফ ডরমেটরী ও টার্মিনাল ভবন সংলগ্ন পাবলিক টয়লেট ও ক্যান্টিন) সরেজমিনে পরিদর্শন করিতে পারিবেন।
- ০২। বরিশাল বিমানবন্দরের হিসাব শাখা হতে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) নির্ধারিত আবেদন ফর্মে আবেদন করতে হবে। উক্ত আবেদন ক্রয়ের সর্বশেষ সময় ২৩/০১/২০২৩খ্রিঃ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত।
- ০৩। আবেদন জমা দেয়ার সর্বশেষ সময় ২৪/০১/২০২৩খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত।
- ০৪। কোন অবস্থায় একই ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা/ব্যবসায়ী একের অধিক নামে আবেদন করিতে পারিবে না।
- ০৫। স্পট নিলাম ডাকাটি বরিশাল বিমানবন্দরের টার্মিনাল ভবনের সামনে কারপার্কিং এলাকায় ২৪/০১/২০২৩খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা: ১২.০০ ঘটিকার অনুষ্ঠিত হবে।
- ০৬। নিলাম ডাকে সর্বোচ্চ প্রদত্ত দরদাতার দর গ্রহণ করা হবে। সিএএবি, সদর দপ্তর কর্তৃক নির্ধারিত মূল্যের নিম্ন দর গ্রহণ করা হবে না।
- ০৭। ১ম, ২য়, ৩য় সর্বোচ্চ ডাককারীর জামানত জমা রাখার পর অবশিষ্টদের জামানত নিলাম ডাক শেষে ফেরৎ প্রদান করা হবে।
- ০৮। নিলাম ডাকে সর্বোচ্চ দরদাতার অনুকূলে উল্লেখিত বরিশাল বিমানবন্দরের পরিত্যক্ত পুরাতন ভবনসমূহ (পুরাতন ফায়ার স্টেশন, পুরাতন পাওয়ার হাউজ, স্টাফ ডরমেটরী ও টার্মিনাল ভবন সংলগ্ন পাবলিক টয়লেট ও ক্যান্টিন) অপসারণের সময়সীমা উল্লেখ পূর্বক নিলাম ডাকের সমুদয় মূল্য, আয়কর ১০%, ভ্যাট ৭.৫% জমা প্রদানের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৯। সর্বোচ্চ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে সমুদয় মূল্য, ভ্যাট ও আয়কর অত্র দপ্তরের হিসাব শাখায় জমা প্রদান করিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত হবে।
- ১০। জামানতের টাকা নিলামের টাকার সহিত সমন্বয় করা হবে না। বরিশাল বিমানবন্দরের পরিত্যক্ত পুরাতন ভবনসমূহ (পুরাতন ফায়ার স্টেশন, পুরাতন পাওয়ার হাউজ, স্টাফ ডরমেটরী ও টার্মিনাল ভবন সংলগ্ন পাবলিক টয়লেট ও ক্যান্টিন) অপসারণ করে নেওয়ার পরে জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে।
- ১১। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে বরিশাল বিমানবন্দরের পরিত্যক্ত পুরাতন ভবনসমূহ (পুরাতন ফায়ার স্টেশন, পুরাতন পাওয়ার হাউজ, স্টাফ ডরমেটরী ও টার্মিনাল ভবন সংলগ্ন পাবলিক টয়লেট ও ক্যান্টিন) অপসারণে ব্যর্থ হলে প্রতি মাসের জন্য উল্লেখিত দরের ২.৫% হারে জরিমানা ধার্য হবে।
- ১২। নিলাম কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। ইহাতে দরপত্রে ডাক গ্রহণকারী কোন প্রকার ওজর আপত্তি/আইন আদালতের আশ্রয় নিতে পারবে না। নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। নিলাম গ্রহণকারীকে তাহার সম্পূর্ণ নিজ দায়িত্বে/নিজ ব্যয়ে ভবন/স্থাপনাসমূহ সেফটি রুল মেনে ভেঙ্গে নিয়ে যেতে হবে। ভবন ভাঙ্গার সময় কেহ আহত/নিহত হলে এর দায় দায়িত্ব সিএএবি কর্তৃপক্ষ বহন করবে না।
- ১৪। বরিশাল বিমানবন্দরের পরিত্যক্ত পুরাতন ভবনসমূহ (পুরাতন ফায়ার স্টেশন, পুরাতন পাওয়ার হাউজ, স্টাফ ডরমেটরী ও টার্মিনাল ভবন সংলগ্ন পাবলিক টয়লেট ও ক্যান্টিন) ভাঙ্গার সময় সিএএবির কোন স্থাপনা/সম্পদের ক্ষতি সারণ করা যাবে না। কোন ক্ষতি সাধন করা হলে তা ডাক গ্রহণকারী কর্তৃক ক্ষতিপূরণ প্রদান অথবা নিজস্ব ব্যয়ে পূর্ণ: নির্মাণ করে দিতে হবে।
- ১৫। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নহে এরূপ কোন জটিলতা বা কোন অনাকাঙ্ক্ষিত জটিলতা সৃষ্টি হলে দরপত্র কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

A. Rakib
06/02/23

মোঃ আব্দুর রহিম তালুকদার

বিমানবন্দর ব্যবস্থাপক

বরিশাল বিমানবন্দর, বরিশাল।